

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৮, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়

সেনাবাহিনী নির্দেশিকা

তারিখ: ১১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ/২৬ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ২৩.০০.০০০০.০১০.২২.০১০.১৯-২২৯—সেনা নির্দেশিকা-২/২০২৫, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ পত্র নং ০৭.০০.০০০০.১৭৪.৩১.০০১.১৪.১১৫, তারিখ ৩১ অক্টোবর ২০২১ এর ক্ষমতাবলে বাংলাদেশ সেনাবাহিনীর সার্ভিস এয়ারক্রাফটে ভ্রমণকালে কর্তব্যরত পাইলট/এয়ারক্রু ও যাত্রীগণের জন্য 'ইন-ফ্লাইট মিল' (IN-FLIGHT MEAL) বাবদ ১১০.০০ টাকা হারে নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক প্রাপ্য হইবেন:

- ১। ভূমিকা: আর্মি এভিয়েশন গ্রুপ প্রতিষ্ঠা লগ্ন হতে দেশ মাতৃকা ও বাংলাদেশ সেনাবাহিনীর প্রয়োজনে অর্পিত দায়িত্ব অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সাথে পালন করে আসছে। আর্মি এভিয়েশনের সু-দক্ষ পাইলটগণ কর্তৃক প্যারা কমান্ডোদের প্যারা জাম্প মিশন, SPIE মিশন, SPIE মিশন, র‍্যাপলিং ও ফাস্ট রোপিং মিশন এবং বিভিন্ন প্রকার অপারেশনাল কার্যক্রম পরিচালনা করা হয়। অত্র সংস্থা কর্তৃক নিয়মিতভাবে পার্বত্য চট্টগ্রামে রেশন সার্টি, দেশব্যাপি রোগী/মৃতদেহ পরিবহন, অন্যান্য রশদ সরবরাহ এবং সেন্টমার্টিন দ্বীপে পেট্রোলিং কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়াও, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস প্রতিরোধে আর্মি এভিয়েশন গ্রুপ ঢাকা হতে সারা দেশে চিকিৎসা সহায়ক সামগ্রী, খাদ্য ও ত্রাণ সামগ্রী নিয়মিতভাবে পরিবহন করার মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। পাশাপাশি, অত্র সংস্থা কর্তৃক দেশের যে কোনো দুর্যোগময় মুহূর্তে ত্রাণ বিতরণসহ বিভিন্ন ভিআইপি মিশন ও বৈদেশিক ডেলিগেশন মিশন পরিচালনা করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ১৪/২/৭৫/ডি-VII/১২৯/(এ), তারিখ ১০ মার্চ ১৯৮২ এর মাধ্যমে বাংলাদেশ বিমান বাহিনীতে 'ইন-ফ্লাইট মিল' ((In-Flight Meal) প্রবর্তিত হয়েছে (এয়ার ফোর্স অর্ডার নং ৭৬-৭, তারিখ ১০ জুলাই ১৯৮২)। এতদপ্রেক্ষিতে, আর্মি এভিয়েশন গ্রুপ বাংলাদেশ সেনাবাহিনীর একমাত্র উড্ডয়ন সংস্থা হওয়ায় বিমান বাহিনীর ন্যায় বাংলাদেশ সেনাবাহিনীর সার্ভিস এয়ারক্রাফটে ভ্রমণকালে কর্তব্যরত পাইলট, এয়ারক্রু এবং যাত্রীগণের জন্য 'ইন-ফ্লাইট মিল' (In-Flight Meal) প্রবর্তন করা একান্ত আবশ্যিক।

- ২। 'ইন-ফ্লাইট মিল' (IN-FLIGHT MEAL) প্রবর্তনের যৌক্তিকতা: বাংলাদেশ সেনাবাহিনীর সার্ভিস এয়ারক্রাফটে ভ্রমণকালে কর্তব্যরত পাইলট/এয়ারক্রু ও যাত্রীগণের জন্য 'ইন-ফ্লাইট মিল' (In-Flight Meal) প্রবর্তনের যৌক্তিকতা নিম্নে প্রদত্ত হলো:

ক। নিরাপদ উড্ডয়ন কার্যক্রম নিশ্চিতকল্পে মানসম্মত ও স্বাস্থ্যসম্মত 'ইন-ফ্লাইট মিল' (In-Flight Meal) প্রদান করা প্রয়োজন।

( ৮৯০৭ )

মূল্য : টাকা ৮-০০

- খ। সেনাবাহিনীর আর্মি এভিয়েশন গ্রুপের সাংগঠনিক কার্টামো নতুনভাবে অনুমোদিত হওয়ায় এর পাইলট ও বিমান সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং পাশাপাশি দৈনন্দিন উড্ডয়ন কার্যক্রম বৃদ্ধি পেয়েছে।
- গ। সেনাবাহিনী কর্তৃক ভিআইপি/কমিটমেন্ট মিশন পরিচালনার হার বৃদ্ধি পেয়েছে।
- ঘ। আর্মি এভিয়েশন গ্রুপ এ ০৬ X MI171SH, ০২ X Dauphin, ০২ X CASA C-295W বিমান সংযুক্তির পর সেনাবাহিনীর ১০টি ফরমেশন ও এরিয়ার ভিআইপি মিশন, বৈদেশিক ডেলিগেশন মিশন, মেইলরান, লোডরান, র‍্যাপলিং, প্যারা জাম্প, ট্রুপস ইন্সারশন (Troops Insertion), রেকী মিশন, ম্যানুভার এক্সারসাইজ, মেডিকেল ইভ্যাকুয়েশন মিশন (MEDEVAC) এবং ক্যাজুয়ালটি ইভ্যাকুয়েশন মিশন (CASEVAC) কার্যক্রম বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।
- ৩। **‘ইন-ফ্লাইট মিল’ (IN-FLIGHT MEAL) প্রাপ্যতা:** আর্মি এভিয়েশন গ্রুপের পাইলট, এয়ারক্রু এবং যাত্রীগণ এর এয়ারক্রাফট ফ্লাইংকালে নিম্নোক্ত নির্দেশিকা মোতাবেক ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) প্রদান করা হবে:
- ক। আর্মি এভিয়েশন গ্রুপ এয়ারক্রাফটে (Army Aviation Group Air Craft) ফ্লাইংকালে এয়ারক্রাফটে কর্তব্যরত পাইলট ও এয়ারক্রুগণ ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) প্রাপ্য হবেন এবং যাত্রী বহনের ক্ষেত্রে যাত্রীদেরও এই মিলের আওতাভুক্ত করা হবে।
- খ। এই মিলের প্রাপ্যতার জন্য প্রতিটি উড্ডয়নের সময়কাল ন্যূনতম, ২ হতে ৬ ঘণ্টা পর্যন্ত বিস্তৃত হতে হবে।
- গ। উড্ডয়নের পূর্বে পাইলট ও এয়ারক্রুগণের সংখ্যা, সময়কাল এবং গন্তব্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষান্তে নথিভুক্ত করতে হবে।
- ৪। **‘ইন-ফ্লাইট মিল’ (IN-FLIGHT MEAL) এর হার:** বাংলাদেশ সেনাবাহিনীর কর্তব্যরত পাইলট, এয়ারক্রু এবং যাত্রীগণ এর সার্ভিস এয়ারক্রাফটে ফ্লাইংকালে সংযুক্তি-১(ক) এ উল্লিখিত মেনু অনুযায়ী নিম্নোক্ত হারে ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) বিল প্রদান করা হবে:
- | ক্রমিক | মিলের বিবরণ   | টাকা                                 |
|--------|---|--------------------------------------|
| ১।     | প্রাতঃরাশ (সূর্যোদয়-০৮০০ ঘটিকা)                                | ৩০.০০                                |
| ২।     | মধ্যাহ্নভোজ (১২০০-১৫০০ ঘটিকা)/<br>নৈশভোজ (২০৩০ ঘটিকা-সূর্যোদয়) | ৬০.০০                                |
| ৩।     | হালকা নাস্তা (৯০০-১১৩০ ঘটিকা)/<br>বৈকালীন চা (১৬০০-১৮৩০ ঘটিকা)  | ২০.০০                                |
|        | মোট টাকা:   | ১১০.০০<br>(কথায় একশত দশ টাকা মাত্র) |
- ৫। **‘ইন-ফ্লাইট মিল’ (IN-FLIGHT MEAL) এর বিল দাবী করণ:** যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষান্তে বিল/ভাউচার বাজেট পরিদণ্ডর হতে বাজেট নাম্বার প্রদান সাপেক্ষে এফসি (আর্মি) এ ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) দাবী করতে হবে। উল্লেখ্য, উক্ত ব্যয় সেনাবাহিনীর বেতন ও ভাতা/খাদ্য দ্রব্য ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) খাত হতে সংকুলান করা হবে।
- ৬। **‘ইন-ফ্লাইট মিল’ (IN-FLIGHT MEAL) বিল প্রস্তুতকরণ:** ‘ইন-ফ্লাইট মিল’ (In-Flight Meal) বিল প্রস্তুত সংযুক্তি-১ (খ) করে গ্রুপ কমান্ডার মহোদয়ের নিকট উপস্থাপন এবং গ্রুপ কমান্ডার মহোদয় কর্তৃক অনুমোদন সাপেক্ষে সেনাসদরে প্রেরণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু ইউসুফ মোঃ রেজাউর রহমান  
যুগ্মসচিব।

সংযুক্তি-১ (ক)

এ. আই নম্বর ২/২০২৫

‘ইন-ফ্লাইট মিল’ (IN-FLIGHT MEAL) এর মেন্যু১। প্রাতঃরাশ:

ক।	বাটার স্যান্ডউইচ	-	০১ টি।
খ।	চিকেন স্যান্ডউইচ	-	০১ টি।
গ।	সিদ্ধ ডিম	-	০১ টি।
ঘ।	কাবাব	-	০১ পিস।
ঙ।	ফল	-	০১ টি।
চ।	চা	-	০২ কাপ।

২। মধ্যাহ্ন ভোজ/নৈশভোজ:

ক।	বাটার স্যান্ডউইচ	-	০২ টি।
খ।	চিকেন ফ্রাই	-	০১ টি।
গ।	কাবাব/ফিস ফ্রাই	-	০১ টি।
ঘ।	পটেটো চপ, সালাদ	-	০১ পিস।
ঙ।	ফল	-	০১ টি।
চ।	চা	-	০২ কাপ।

৩। বৈকালীন চা/স্ন্যাকস:

ক।	চিকেন স্যান্ডউইচ/ কাবাব/সমুচা	-	০২ পিস।
খ।	কেক	-	০১ পিস।
গ।	চা	-	০১ কাপ।

সংযুক্তি-১ (খ)

এ. আই নম্বর ২/২০২৫

কন্টিনজেন্ট বিল

আর্মি এভিয়েশন গ্রুপ (ARMY AVIATION GROUP) সার্ভিস এয়ারক্রাফটে ভ্রমণকালে কর্মরত পাইলট/এয়ার ক্রু ও যাত্রীগণের জন্য 'ইন-ফ্লাইট মিল' (IN-FLIGHT MEAL)

বন্দর .....তারিখ.....এয়ারক্রাফট নং.....

উড্ডয়নের স্থান.....সময়.....

অবতরণের স্থান.....সময়.....

উড্ডয়নের ব্যাপ্তিকাল.....

ক্রমিক	বিএ নম্বর	পদবি	নাম	দর/হার	টাকা	পয়সা
মোট টাকা:						

মোট টাকা (বাংলাদেশী).....

ব্যাংক একাউন্ট নম্বর.....

ফ্লাইং অফিসার এর স্বাক্ষর (সীলসহ).....

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপর্যুক্ত ব্যয় সংগতভাবে এবং রাষ্ট্রীয় স্বার্থে করা হয়েছে।

স্টেশন.....

অধিনায়ক এর স্বাক্ষর

তারিখ.....

অনুমোদন

উক্ত বিল ভাউচার সঠিক বলে প্রতীয়মান, চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

স্টেশন.....

গ্রুপ কমান্ডার

তারিখ.....

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd